



স্মারক নম্বরঃ ১৪.৩১.২৭০০.০০৬.০৩.০০১.২০২৪

তারিখঃ দিনাজপুর ২১/০৪/২০২৪ খ্রিঃ।

উদ্যোক্তা নিয়োগ/নিযুক্তি বিজ্ঞপ্তি

ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলা ডাকঘরের স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত/নিয়োগের লক্ষ্যে হরিপুর উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম	উপজেলার নাম	পদের সংখ্যা	প্রার্থীর যোগ্যতা	মন্তব্য
১	উদ্যোক্তা (লেটার রাইটার), স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস	হরিপুর, ঠাকুরগাঁও	২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার পরিচালনা, নাগরিকসেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা; (গ) নিজ খরচে স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট' এর জন্য প্রয়োজনীয় উপকরণ (কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি), যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য; (ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবাকার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে; (ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে। (চ) রাষ্ট্র বিরোধী বা ষোঁজদারী অপরাধের অভিযোগ মুক্ত হতে হবে; (ছ) পূর্বে জন বান্ধব সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে। (জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।	

শর্তাবলী:

০১। আবেদন শুরুর তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রি. এবং আবেদনের শেষ তারিখ: ২ মে ২০২৪ খ্রি. দিবাগত রাত ১১.৫৯।

(আবেদন লিংক- <http://bdpost.eksheba.gov.bd/>)।

০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় ন্যূনতম ৫ বছর বসবাসরত) হতে হবে।

০৩। প্রার্থীর বয়স জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণ যোগ্য নয়।

০৪। অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।

ক) অনলাইন জন্মসনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদ পত্রের ফটোকপি।

খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার অনিয়ম/বিশৃংখল আচরণের ক্ষেত্রে দায়-দায়িত্ব নিবেন এই মর্মে ত্রি-এলাকায় স্বাক্ষরিত বসবাসরত গন্যমান্য ব্যক্তি/নিকট আত্মীয়ের নিকট হতে প্রত্যয়নপত্র।

গ) সদ্যতোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

চলমান পত্র

- ০৫। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা, অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক) পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহনকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- ০৭। ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সৎ, যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৮। উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োজনের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গন্য হবে।
- ০৯। কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১০। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর উদ্যোক্তার পদটি সরকারি/আউটসোর্সিং/অন্য কোনো চাকুরির পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারি করণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্যকোনো পদক্ষেপ গ্রহণ করা যাবে না।
- ১১। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোনো প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োজনকারী কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।
- ১২। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোনো প্রকার বেতন/ভাতা/সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।
- ১৩। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীর ই-মেইলে জানানো হবে।

স্বাক্ষরিত

(মোঃ নুরুল ইসলাম)

পোস্ট অফিস পরিদর্শক(প্রশাসন)।
টেলিফোন নং- ০২-৫৮৮৮১৮১০১।

ও

সদস্য সচিব
উদ্যোক্তা নিয়োজন কমিটি।

তারিখঃ দিনাজপুর ২১/০৪/২০২৪ খ্রিঃ।

স্মারক নম্বরঃ ১৪.৩১.২৭০০.০০৬.০৩.০০১.২০২৪
সদয় জ্ঞাতার্থে এবং বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
৩। উপজেলা চেয়ারম্যান, হরিপুর, ঠাকুরগাঁও।
৪। পোস্ট অফিস পরিদর্শক, ঠাকুরগাঁও উপ বিভাগ, ঠাকুরগাঁও।
৫। উপজেলা পোস্টমাস্টার, হরিপুর, ঠাকুরগাঁও।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, হরিপুর প্রেসক্লাব, ঠাকুরগাঁও।
৭। তথ্য অফিসার, হরিপুর-উপজেলা, ঠাকুরগাঁও।
৮। চেয়ারম্যান (সকল), হরিপুর উপজেলা, ঠাকুরগাঁও।
৯। ইউপি সচিব (সকল), হরিপুর উপজেলা, ঠাকুরগাঁও।
১০। নোটিশ বোর্ড.....।
১১। অফিস কপি।

স্বাক্ষরী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, হরিপুর,
ঠাকুরগাঁও।

(মোঃ নুরুল ইসলাম)

পোস্ট অফিস পরিদর্শক(প্রশাসন)।
টেলিফোন নং- ০২-৫৮৮৮১৮১০১।

ও

সদস্য সচিব
উদ্যোক্তা নিয়োজন কমিটি।